

চাকরির দাবিতে ছাত্রলীগের আন্দোলন ইবির প্রশাসন ভবনে এখনও তালা

■ ইবি প্রতিনিধি
কর্মকর্তা-কর্মচারী পদে চাকরির দাবিতে ছাত্রলীগের সাবেক নেতাকর্মীদের আন্দোলনে অচল হয়ে পড়েছে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি)। সোমবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনে চাকরিপ্রত্যাশীদের দেওয়া তালা গতকাল মঙ্গলবারে খুলতে দেখা গেছে। প্রশাসন ভবন তালাবন্ধ থাকায় উপাচার্য, উপ-উপাচার্যসহ কর্মকর্তা-কর্মচারীদের কেউই অফিস করতে পারেননি। কোনো বিভাগে ক্লাস পরীক্ষা হয়নি। সোমবার দুপুর থেকে মঙ্গলবার দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে বাস চলাচল বন্ধ রয়েছে। এদিকে, মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগে শিক্ষক নিয়োগ বোর্ড অনুষ্ঠিত হওয়ার কথা থাকলেও চাকরিপ্রত্যাশীদের আন্দোলনের কারণে তা স্থগিত করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মঙ্গলবার বেলা পৌনে ১১টার দিকে প্রশাসন ভবনের উত্তর দিকের কলাপসিবল গেটের তালা ভেঙে ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের ঢুকতে দেওয়া হয়। পরে আবার তালা লাগিয়ে দেয় চাকরিপ্রত্যাশীরা। প্রশাসন ভবন তালাবন্ধ থাকার কারণে কর্মকর্তা-কর্মচারীদের প্রশাসন ভবনের বাইরে অপেক্ষা করতে দেখা গেছে।

এদিকে সোমবার দুপুর থেকে মঙ্গলবার দুপুর পর্যন্ত বিশ্ববিদ্যালয়ে বাস চলাচল বন্ধ রয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের কোনো বাস কুষ্টিয়া ও কিনাইদহ শহর থেকে ক্যাম্পাসে না আসায় শিক্ষার্থীরা ক্যাম্পাসে আসতে পারেননি। ফলে কোনো বিভাগে ক্লাস অনুষ্ঠিত হয়নি এবং কয়েকটি বিভাগের পূর্ব নির্ধারিত চূড়ান্ত পরীক্ষা স্থগিত করা হয়। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের পরিবহন প্রশাসক অধ্যাপক ড. মামুনুর রহমান সমকালকে বলেন, 'আপাতত

বিশ্ববিদ্যালয়ে বাস চলাচল বন্ধ রয়েছে। পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা চলছে।'

চাকরিপ্রত্যাশী ছাত্রলীগের সাবেক নেতা আশিকুর রহমান জাপান সমকালকে বলেন, 'আমাদের চাকরির বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে কোনো সুনির্দিষ্ট বার্তা না আসা পর্যন্ত পরিবহন অবরোধ চলতে থাকবে। এ সময় কাউকে অফিস করতে দেওয়া হবে না বলে তিনি জানান।

ইবি উপাচার্য অধ্যাপক ড. আবদুল হাকিম সরকার সমকালকে বলেন, 'পরিস্থিতি স্বাভাবিক করার প্রক্রিয়া চলছে।'